

তারিখঃ ২৪/১০/২০২৪ খ্রি।

স্মারক নং-৩৩.০১.০০০০.১১০.৫৩.০২৬.১৫-১৭২০

বিষয়ঃ- ১ (এক) দিন বয়সী প্যারেন্টস্টক মুরগীর বাচ্চা আমদানির অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ পরিচালক কাজী ফার্মস লিমিটেড এর ১৪/১০/২০২৪ খ্রি. তারিখের আবেদন পত্র।

সূত্রাধীন পত্রের প্রেক্ষিতে আপনাকে France হতে ০১ (এক) দিন বয়সী SASSO Broiler Parent Stock জাতের ১২,৮১৪ টি (বারো হাজার আটশত চৌদ্দ)টি মুরগীর বাচ্চা নিম্নে বর্ণিত শর্তে আগামী ২১/১০/২০২৫ খ্রি. তারিখের মধ্যে আমদানি করার জন্য অনুমতি প্রদান করা হলো (পি.আই নং- KAZI3620, তারিখ: ২৪/০৯/২০২৪):

শর্তসমূহঃ

- ১। অনুমোদিত সকল প্যারেন্ট স্টক মুরগির বাচ্চা “সংক্রামক” রোগমুক্ত এই মর্মে রপ্তানিকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করতঃ প্রত্যয়ন পত্র আমদানির সময় সঙ্গে প্রদান করতে হবে।
- ২। বাচ্চা দেশে পৌঁছার পর নিজ দায়িত্বে ন্যূনতম ৩ (তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন এবং একটি প্রতিবেদন দাখিল করবেন।
- ৩। বাচ্চা দেশে পৌঁছার পর পরই কমপক্ষে ৩ (তিন)টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এর মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরাদিীন কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকাতে প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। অনুমোদিত সকল প্যারেন্ট স্টক/গ্র্যান্ড প্যারেন্ট স্টক বিমান যোগে আমদানি করতে হবে এবং এভিয়ান ইনফ্লুয়েঞ্জা আক্রান্ত দেশের ট্রানজিট গ্রহণ করা যাবে না।
- ৫। বাচ্চা আমদানির পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৬। বাচ্চা আমদানির পর রপ্তানিকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদ পত্র ও এলসির কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৭। রপ্তানিকারক দেশে Notifiable AI দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে। এই আদেশ অমান্য করে বাচ্চা আমদানি করলে সকল দায় দায়িত্ব আমদানিকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- ৮। জনস্বার্থে কর্তৃপক্ষ যে কোন সময় আমদানি অনুমতি বাতিল বা স্থগিত করতে পারবেন।
- ৯। সরকারী নির্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
- ১০। মুরগির বাচ্চা দেশে পৌঁছার কমপক্ষে ৭দিন পূর্বে কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকাকে অবহিত করতে হবে।



(Signature)
২৪/১০/২০২৪

ডাঃ সাখাওয়াত হোসেন

উপপরিচালক (মানব সম্পদ উন্নয়ন)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
ই-মেইলঃ ddhrd.dls@gmail.com
ফোনঃ +৮৮-০২ ২২৩৩১৪২৮৬

(Signature)
২৪/১০/২০২৪

পরিচালক

কাজী ফার্মস লি., চকপাড়া, শ্রীপুর,

গাজীপুর, বাংলাদেশ।

(খামার: ইউনিট-২৮), বনপুকুর, চুনতি, লোহাগড়া, চট্টগ্রাম, বাংলাদেশ)

কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো।

- ১। পরিচালক বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, চট্টগ্রাম।
- ২। কমিশনার, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা (রোগ নির্ণয় প্রতিবেদনের এক কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চট্টগ্রাম (খামার পরিদর্শন পূর্বক প্রতি মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অফিসার, আইসিটি সেকশন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিসার ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা।
- ৭। অফিস কপি।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।